৭

দৈনিক ইনকিলাব

তারিখ ··· JUN 10 1999
পৃষ্ঠা ৯ কলাম ৫

## জাতীয় শিক্ষা সপ্তাহ প্রসঙ্গ

মাননীয় শিক্ষামন্ত্রী মহদয় ও জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৯-এর উৎযাপন কমিটির কাছে সবিনয় নিবেদন এই যে, আসন্ন 'শিক্ষা সপ্তাহ' উপলক্ষে প্রাথমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক স্কুল কলেজ, মাদ্রাসার পাশাপাশি স্নাতক, সম্মান, এমএ ক্লাসের ছাত্র-ছাত্রীরা যেন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে এবং সবাই যেন তিনটা বিষয়ে অংশ নিতে পারে।

উল্লেখ্য যে, বিগত কয়েক বছর এ নিয়ম চালু হয়ে আসছিল, হঠাৎ করে গত বছর স্নাতক, সম্মান ও এমএ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতা থেকে বঞ্চিত করা হয়েছে। যেখানে শহর, গ্রাম-বাংলার হাজার হাজার ছাত্র-ছাত্রীদের ভিতরে লুকায়িত সুপ্ত প্রতিভা ঘুমিয়ে আছে সেখানে তাদের প্রতিভার বিকাশ হওয়া উচিত নয় কি?

তাই অনুগ্রহ করে আসন্ন জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৯-এ স্নাতক, সম্মান, এমএ ক্লাসের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের অনুমতি প্রদান করে জাতীয় পর্যায়ে গৌরব অর্জন করার সুযোগ দেয়া হোক।

—মোঃ শাহ মিরান রায়হান,
বিএ অনার্স (বাংলা বিভাগ), ২য় বর্ষ,
চাঁদপুর সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ।